



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৪.১৩. ২৭২

তারিখ: ১৭ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ।
০২ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়: ছাতক পৌর এলাকার মাল্টিপারপাস অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার নির্মাণের জন্য ৩০(ত্রিশ) শতাংশ ভূমি ক্রয়ের প্রশাসনিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: ছাতক পৌরসভা কার্যালয়ের স্মারক নং-৬৯৫, তারিখ: ২২/১০/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত তফসিলভুক্ত জমিতে মাল্টিপারপাস অডিটরিয়াম কাম-কমিউনিটি সেন্টার নির্মাণের নিমিত্ত ৩০ (ত্রিশ) শতক জমি ছাতক পৌরসভার রাজস্ব অর্থায়নে প্রতি শতাংশ ১,২৫,৮৯৯/- (এক লক্ষ পঁচিশ হাজার আটশত নিরানব্বই) টাকা হারে মোট ৩৭,৭৬,৯৭০/- (সাতত্রিশ লক্ষ ছিয়াত্তর হাজার নয়শত সত্তর টাকা) টাকায় ক্রয়ের অনুমতি চাওয়া হয়েছে:


তফসিল:

ক্রমিক	জেলা	পৌরসভা	মৌজা	জেএল নম্বর	খতিয়ান নম্বর	দাগ নম্বর	জমির পরিমাণ
১	সুনামগঞ্জ	ছাতক	পূর্ব কামারগাঁও	২১৯	৩৫৮	৪৭ (সাবেক)	৩০ (ত্রিশ) শতাংশ

০২। উল্লেখ্য যে, উক্ত পৌরসভায় বর্তমানে দুইজন প্রাক্তন নির্বাহী প্রকৌশলীর আনুতোষিক এবং ভবিষ্য তহবিল বাবদ ৯৮,৫৭,০০০/- (আটানব্বই লক্ষ সাতান্ন হাজার) টাকা বকেয়া রয়েছে।

০৩। এমতাবস্থায়, সুনামগঞ্জ জেলার ছাতক পৌরসভায় মাল্টিপারপাস অডিটরিয়াম কাম-কমিউনিটি সেন্টার নির্মাণের প্রশাসনিক অনুমোদন প্রদানের বিষয়টি বিবেচনা পূর্বে নিম্নোক্ত তথ্যাদি প্রমানক সহ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- পৌরসভার রাজস্ব তহবিলের অর্থ দ্বারা দুইজন প্রাক্তন নির্বাহী প্রকৌশলীর আনুতোষিক এবং ভবিষ্য তহবিল বাবদ ৯৮,৫৭,০০০/- (আটানব্বই লক্ষ সাতান্ন হাজার) টাকা বকেয়া বকেয়া পরিশোধ করে তফসিলে বর্ণিত জমি ক্রয় করা যাবে কিনা;
- ছাতক পৌরসভার রাজস্ব খাতে বর্তমানে কত টাকা রয়েছে সে বিষয়ে ব্যাংকের প্রমানক সহ তথ্য প্রদান; এবং
- চলতি অর্থ বছরে (২০২০-২০২১) ছাতক পৌরসভার রাজস্ব বাজেটে ছাতক পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদি বাবদ প্রাপ্য অর্থ, অডিটরিয়াম ক্রয়ের জন্য প্রস্তাবিত অর্থ এবং দুইজন নির্বাহী প্রকৌশলীর প্রাপ্য আনুতোষিক ও ভবিষ্য তহবিল বাবদ বকেয়া পরিশোধের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখা হয়েছে কিনা সে বিষয়ে অনুমোদিত রাজস্ব বাজেটের ছায়ালিপি প্ররণ।


(মোহাম্মদ ফারুক হোসেন)

উপ সচিব

☎ ৯৫১৪১৪২

মেয়র

ছাতক পৌরসভা, সুনামগঞ্জ।

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- অফিস কপি।